



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়



আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর
“ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্প
নেকটার, বগুড়া।

স্মারক নং-৫৭.২১.০০০০.০১৫.১৪.০০২.২৪-৫৫

তারিখঃ ৩০ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জানুয়ারী, ২০২৫ খ্রি.

শিক্ষকগণের আইসিটি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় নেকটার কর্তৃক বাস্তবায়িত আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর “ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পে ২০২৪-২০২৫ অর্থবছরে সরকারি-বেসরকারি মাদ্রাসা, কারিগরি ও মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক (এমপিওভুক্ত) পর্যায়ের প্রতিষ্ঠানের শিক্ষকগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ৩০ দিন মেয়াদি শিক্ষকগণের আইসিটি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ কোর্সে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে প্রস্তুতকৃত প্যানেল হতে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

ক্রম.	প্রশিক্ষণ কোর্সের নাম ও মেয়াদ	ব্যাচ নং	কোর্সের সময়কাল		আবেদনের শেষ তারিখ ও পদ্ধতি
১।	শিক্ষকগণের তথ্য ও যোগাযোগ	১ম	২৩/০২/২০২৫	২৪/০৩/২০২৫	১৬/০২/২০২৫ (অনলাইন)
২।	প্রযুক্তি (আইসিটি) বিষয়ক উচ্চতর	২য়	০৫/০৪/২০২৫	০৪/০৫/২০২৫	
৩।	প্রশিক্ষণ কোর্স। (৩০ দিন)	৩য়	০৬/০৫/২০২৫	০৪/০৬/২০২৫	

শর্তাবলী:

- আবেদনকারীকগণকে অবশ্যই মাইক্রোসফট অফিস এ্যাপ্লিকেশন, ইন্টারনেট ব্রাউজিং ও ই-মেইল পরিচালনায় দক্ষ হতে হবে।
- সরকারি-বেসরকারি মাদ্রাসা, কারিগরি ও মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক (এমপিওভুক্ত) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ অনলাইনে আবেদন করতে পারবেন।
- জেলা, উপজেলা, বিষয়, বয়স, নারী/পুরুষ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন প্রভৃতি বিষয় বিবেচনা করে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে।
- আবেদনকারীকগণকে তাঁর প্রতিষ্ঠান প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতির নিকট থেকে সুপারিশ/অনুমোদন গ্রহণপূর্বক অনলাইনে আবেদন দাখিল করতে হবে;
- গর্ভবতী নারী, হৃদরোগ, ডায়বেটিস, কিডনী জটিলতাসহ অন্যান্য জটিল রোগে আক্রান্ত এবং ৫২ বছরের উর্ধ্বের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই;
- www.nactar.gov.bd/www.nactar.org ওয়েবসাইটে প্রদর্শিত নির্ধারিত লিংক-এর মাধ্যমে আবেদন করতে হবে।
- সরকারি ও বেসরকারি (এমপিওভুক্ত) মাদ্রাসা এবং কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষকগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ সংশ্লিষ্ট তথ্যাদি E-mail/SMS মাধ্যমে প্রেরণ করা হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে প্রশিক্ষণ সময়সূচি পরিবর্তন করতে পারেন। সেক্ষেত্রে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে এস এম এস/ ই-মেইলে পরিবর্তিত সূচি অবগত করা হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(এ. কে. এম. সরোয়ার জাহান)
পরিচালক, নেকটার

ও

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর
“ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্প
নেকটার, বগুড়া।

০২৫৮৮৮১৩৪৫১ (অফিস)

E-mail: director@nactar.gov.bd